

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২২

আগরতলা, ২ মে, ২০২৪

মহারাজা বীর বিক্রম বিশ্ববিদ্যালয়ে রক্তদান শিবির
রক্তদান একটি মহৎ কাজ : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে মহারাজা বীর বিক্রম বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন এবং রক্তদান শিবিরের উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের এনএসএস ইউনিট ও বিশ্ববিদ্যালয়ের রেড রিবন ক্লাব এই রক্তদান শিবিরের আয়োজন করে। এমবিবি বিশ্ববিদ্যালয় পরিদর্শনের সময় এক অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, ত্রিপুরা থেকে স্বল্প সংখ্যক ছাত্রছাত্রী ইউপিএসসি পরীক্ষায় বসছে। এধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষা দেওয়ার জন্য ছাত্রছাত্রীদের উৎসাহিত করতে রাজ্যপাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরামর্শ দেন। তিনি বলেন, রক্তদান একটি মহৎ কাজ। রক্তদানের পাশাপাশি শরীরের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ দানে এগিয়ে আসতেও ছাত্রছাত্রীদের প্রতি রাজ্যপাল আহ্বান জানান।

রাজ্যপাল মহারাজা বীর বিক্রম বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে তাঁকে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সত্যদেও পোদার। অনুষ্ঠানে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পঠনপাঠনের বিষয়ে রাজ্যপালকে অবহিত করেন। অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. সুমন্ত চক্রবর্তী। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
